# বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি)

শিল্প মন্ত্রণালয়

Web: bab.gov.bd, Email: dg@bab.gov.bd

নং-৩৬.০৯.০০০০.০০১.০৪.০০১.২২/১৯২ তারিখঃ ২৬/০৫/২০২২ খ্রি.

বিষয়ঃ **বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি)-এর ০৩/০৩/২০২২ খ্রি. তারিখের স্মারক নং- ৩৬.০৯.০০০০.০০১.০৪.০০১.২২/৯৭(খ) রুজুকৃত বিভাগীয় মামলার (বিভাগীয় মামলা নং-বিএবি/০১/২০২২/৯৭, তারিখ: ০৩/০৩/২০২২) এর দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ।**

যেহেতু আপনি জনাব মনিরুল হক পাশা, সহকারী পরিচালক, বিএবি শিল্প মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত সরকারি আদেশবলে (নং-৩৬.০০.০০০০.০৫৩.০৮.০৩২.১৮.১০৩, তারিখঃ ২৫-১১-২০২১ খ্রি.) মোট ২০(বিশ) দিন বহিঃবাংলাদেশ ছুটি মঞ্জুর সাপেক্ষে ১০/১২/২০২১ খ্রি. তারিখে আপনার স্ত্রীর সহগামী হিসেবে নরওয়ে গমন করেন। যাত্রা শুরুর তারিখ বিবেচনায় আপনার ছুটির মেয়াদ ছিল ৩০/১২/২০২১ খ্রি. তারিখ পর্যন্ত। উক্ত জিও-এর শর্ত (৪)-এ বহিঃবাংলাদেশ অবস্থানের মেয়াদ কোনক্রমেই বৃদ্ধি করা যাবে না বিষয়টি স্পষ্টভাবে উল্লেখ ছিল। তৎসত্তেও আপনি বহিঃবাংলাদেশ ছুটি শেষে কর্মস্থলে যোগদান না করে ৩০/১২/২০২১ খ্রি. তারিখে ছুটির মেয়াদ ৩১ জানুয়ারি ২০২২ খ্রি. তারিখ পর্যন্ত এবং ২৫/০১/২০২২ খ্রি. তারিখে ছুটির মেয়াদ ৩১ জুলাই ২০২২ খ্রি. তারিখ পর্যন্ত বৃদ্ধির জন্য ই-মেইলের মাধ্যমে কর্তৃপক্ষের নিকট আবেদন প্রেরণ করেছেন। আপনার ছুটির মেয়াদ বৃদ্ধির আবেদন কর্তৃপক্ষ কর্তৃক না মঞ্জুর হওয়ার বিষয়টি আপনাকে অবগত করা হয়েছিল। কর্তৃপক্ষের বিনা অনুমতিতে বহিঃবাংলাদেশে অবস্থানের জন্য ০৩/০২/২০২২ খ্রি. তারিখে আপনাকে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়। কারণ দর্শানোর নোটিশের প্রেক্ষিতে আপনার জবাব কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক এবং গ্রহণযোগ্য হয় নাই এ বিষয়টিও আপনাকে অবগত করা হয়েছিল। তথাপিও আপনি কর্তৃপক্ষের আদেশ অমান্য করে গত ৩১/১২/২০২১ খ্রি. তারিখ থেকে ০৩/০৩/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত ৬৩ (তেষট্টি) দিন কর্তৃপক্ষের বিনা অনুমতিতে বহিঃবাংলাদেশ অবস্থান করছেন এবং ইচ্ছাকৃতভাবে দায়িত্ব পালন থেকে বিরত রয়েছেন। আপনার এহেন অসঙ্গত আচরণ চরম ধৃষ্টতামূলক, উর্ধ্বতন কর্মকর্তার আইনসঙ্গত আদেশ অমান্যকরণ, কর্তব্যে গুরুতর অবহেলা, চাকুরী প্রবিধানমালা পরিপন্থী এবং কর্তব্য হইতে পলায়নের সামিল।

আপনার কার্যকলাপ ও আচরণ "বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৯"-এর পরিপন্থী, কর্তৃপক্ষের আইন সঙ্গত আদেশ অমান্যকরণ, দায়িত্বহীনতা এবং কর্তব্যে গুরুতর অবহেলার সামিল যা "বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৯"-এর ৩৭(ক) উপ-প্রবিধিতে বর্ণিত দায়িত্ব পালনে অবহেলা পর্যায়ভূক্ত। একই প্রবিধানমালার ৩৮(খ) উপ-প্রবিধি মোতাবেক গুরুদন্ড আরোপযোগ্য অপরাধ;

আপনার কার্যকলাপ ও আচরণ "বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) প্রবিধানমালা, ২০০৯"-এর পরিপন্থী, উর্ধ্বতন কর্মকর্তার আইনসঙ্গত আদেশ অমান্যকরণ, কর্তব্য কাজে গুরুতর অবহেলা, সরকারি আদেশ (জিও) অবজ্ঞাকরণের সামিল যা "বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) প্রবিধানমালা, ২০০৯"-এর ২(১) উপ-প্রবিধিতে বর্ণিত "অসদাচরণ" পর্যায়ভূক্ত এবং ৩৭(খ) উপ-প্রবিধিতে মোতাবেক "অসদাচরণের দায়ে দোষী" অভিযুক্ত। যা একই বিধিমালার ৩৮(খ) উপ-প্রবিধি মোতাবেক গুরুদন্ড আরোপযোগ্য অপরাধ;

আপনি অনুমতিসহ দেশ ত্যাগ করে বিনা অনুমতিতে অনুমোদিত সময়ের পর ৩১/১২/২০২১ খ্রি. তারিখ থেকে ০৩/০৩/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত ৬৩ (তেষট্টি) দিন বিদেশে অবস্থান করছেন যা "বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৯"-এর ২(১১)(ঙ) উপ-প্রবিধিতে "পলায়নের" পর্যায়ভুক্ত এবং ৩৭(গ) উপ-প্রবিধি মোতাবেক "পলায়নের দায়ে দোষী" অভিযুক্ত। যা একই প্রবিধানমালার ৩৮(খ) উপ-প্রবিধি মোতাবেক গুরুদন্ড আরোপযোগ্য অপরাধ; এবং

আপনি ২৩/১১/২০২১ খ্রি. তারিখে আপনার স্ত্রীর সহগামী হিসাবে সম্পূর্ণ ব্যক্তিগত কারণে নরওয়ে ভ্রমণের অনুমতিসহ বহিঃবাংলাদেশ ছুটি মঞ্জুর এবং সরকারি আদেশ জারির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে আবেদনপত্রের সাথে আপনার পাসপোর্ট (নং- OC 7213038, প্রদানের তারিখঃ ০৭ মার্চ ২০১৭ খ্রি., প্রদানকারী কর্তৃপক্ষ DIP/Dhaka)-এর ফটোকপি সংযুক্ত করেছেন। এতে পাসপোর্টের মেয়াদোত্তীর্ণের তারিখ ০৬ মার্চ ২০২২ খ্রি. উল্লেখ আছে। ২৫ জানুয়ারি ২০২২ খ্রি. তারিখে আপনি বহিঃবাংলাদেশ ছুটির মেয়াদ ৩১ জুলাই ২০২২ খ্রি. পর্যন্ত বৃদ্ধির জন্য নিম্নস্বাক্ষরকারীর নিকট আবেদন করেছিলেন। এতে বিভ্রান্তির সৃষ্টি হচ্ছে। এ লক্ষ্যে আপনার পাসপোর্ট এবং ভিসা সংক্রান্ত তথ্যাদি প্রেরণের জন্য ০৯/০২/২০২২ খ্রি. আপনাকে পত্র প্রেরণ করা হয় কিন্তু আপনি চাহিত তথ্যাদি প্রেরণ করেননি, এ বিষয়ে আপনাকে কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হলেও তার জবাব প্রেরণ করেননি। আপনার এহেন আচরণ শৃঙ্খলা বিরোধী, চরম ধৃষ্টতাপূর্ণ এবং কর্তৃপক্ষের আইনসঙ্গত আদেশ অমান্যকরণের সামিল। যা "বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) প্রবিধানমালা, ২০০৯"-এর ২(১) উপ-প্রবিধিতে বর্ণিত "অসদাচরণ" পর্যায়ভূক্ত এবং ৩৭(খ) উপ-প্রবিধি মোতাবেক আপনি "অসদাচরণের দায়ে দোষী" অভিযুক্ত। যা একই প্রবিধানমালার ৩৮(খ) উপ-প্রবিধি মোতাবেক গুরুদন্ড আরোপযোগ্য অপরাধ।"

উল্লিখিত অপরাধসমূহের ভিত্তিতে বিভাগীয় মামলা রুজু করা হয় এবং ০৩/০৩/২০২২ খ্রি. তারিখে আপনাকে অভিযোগনামা ও অভিযোগ বিবরণীসহ ১০(দশ) কার্যদিবসের মধ্যে কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হয়। আপনি নির্ধারিত সময়ের মধ্যে অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর জবাব দাখিল না করায় কর্তৃপক্ষ ২১/০৩/২০২২ খ্রি. তারিখে (স্মারক নং- ৩৬.০৯.০০০০.০০১.১১.০০৮.১১/১২০, তারিখ: ২১/০৩/২০২২ খ্রি. তারিখ) বিভাগীয় মামলায় আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্ত করে প্রতিবেদন দাখিলের জন্য জনাব মোঃ মাহবুবুর রহমান, পরিচালক (ভারপ্রাপ্ত) কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

২। যেহেতু আপনি তদন্ত কর্মকর্তার নিকট ভার্চুয়াল 'জুম' মাধ্যমে শুনানিতে অংশগ্রহণ করে আত্মপক্ষ সমর্থনে বক্তব্য উপস্থাপন করেন; এবং

৩। যেহেতু তদন্ত কর্মকর্তা আপনার বক্তব্য, জবানবন্দী, নথিপত্র, অভিযোগনামা-অভিযোগ বিবরণী ও আনুসাঙ্গিক তথ্য পর্যালোচনান্তে আপনার বিরুদ্ধে আনীত "বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৯"-এর ৩৭(ক) উপ-প্রবিধিতে বর্ণিত 'কর্তব্য পালনে অবহেলা', ৩৭(খ) উপ-প্রবিধিতে বর্ণিত 'অসদাচরণ' এবং ৩৭(গ) উপ-প্রবিধিতে বর্ণিত 'পলায়ন' এর অভিযোগসমূহ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে মতামতসহ প্রতিবেদন দাখিল করেছেন; এবং

৪। যেহেতু তদন্ত কর্মকর্তার অভিমত অনুযায়ী আপনার বিরুদ্ধে "বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৯"-এর ৩৭(ক) উপ-প্রবিধিতে বর্ণিত 'কর্তব্যে অবহেলা' ৩৭(খ) উপ-প্রবিধিতে বর্ণিত 'অসদাচরণ' এবং ৩৭(গ) উপ-প্রবিধিতে বর্ণিত 'পলায়ন' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় আপনার বিরুদ্ধে উপ-প্রবিধি ৩৮(খ)(ঈ) মোতাবেক 'চাকুরী হইতে বরখাস্ত' গুরুদন্ড আরোপ সমীচীন মর্মে কর্তৃপক্ষ সিদ্ধান্ত গ্রহণ করেছে;

৫।সেহেতু আপনার বিরুদ্ধে ০৩/০৩/২০২২ খ্রি. তারিখে (স্মারক নং- ৩৬.০৯.০০০০.০০১.০৪.০০১.২২/৯৭(খ), তারিখ: ০৩/০৩/২০২২ খ্রি. তারিখ) ০১ নং আদেশে রুজুকৃত বিভাগীয় মামলায় (বিভাগীয় মামলা নং বিএবি/০১/২০২২/৯৭, তারিখ: ০৩/০৩/২০২২) আনীত ৩৭(ক) 'কর্তব্য পালনে অবহেলা', ৩৭(খ) 'অসদাচরণ' এবং ৩৭(গ) 'পলায়ন' এর অভিযোগে কেন আপনাকে বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড-এর সহকারী পরিচালক পদের 'চাকুরী হইতে বরখাস্ত' দন্ড আরোপ করা হইবে না তৎমর্মে পরবর্তী ০৭(সাত) কর্মদিবসের মধ্যে লিখিতভাবে কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হ'ল।

২৬/৫/2022

মোঃ মনোয়ারুল ইসলাম

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

ফোনঃ ৯৫১৩২২১